ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



পুরোপুরি বদলে যাওয়ার কারণ জানালেন দীপিকা

পৃঃ 7



ডেভিস কাপ থেকেও সরলেন জকোভিচ

পৃঃ 8

Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৪৪ ● কলকাতা ● ০২ ফাল্গুন, ১৪৩১ ● শনিবার ● ১৫ ফেব্রুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# মমতা বন্দ্যোপাধ্যায়ের উপর ভরসা–আস্থা বাড়ছে দেশবাসীর



**বেবি চক্রবর্ত্তী : কলকাতা**

মমতা বন্দ্যোপাধ্যায়ের উপর ভরসা–আস্থা বাড়ছে দেশবাসীর। অদূর ভবিষ্যতে দেশ চালানোর ক্ষেত্রে প্রধানমন্ত্রিত্বের প্রশ্নে দেশনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে দেখতে চান অনেকাংশের মানুষ। এটা কোনও কথার কথা নয়, ইন্ডিয়া টুডে গোষ্ঠীর কড়া এক সমীক্ষায় উঠে এসেছে এই তথ্য। শুধু তাই নয়, সমীক্ষার রিপোর্ট বলছে, এই মুহূর্তে লোকসভা নির্বাচন হলে তৃণমূল কংগ্রেসের আসন বাংলায় ২৯ থেকে বেড়ে হবে ৩০। বিজেপির একটিও আসন বাড়ার কোনও সম্ভাবনা নেই। তারা ১২তে আটকে থাকবে। কংগ্রেস এবং সিপিএমের অবস্থা আরও শোচনীয় হবে। ইন্ডিয়া টুডে গোষ্ঠীর সমীক্ষা অনুযায়ী ২০২৪ সালের অগাস্ট মাসে সমীক্ষা করা হয়েছিল দেশের এগিয়ে থাকা রাজনীতিবিদদের মধ্যে। তখন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যেখানে ছিলেন, ২০২৫ সালের সমীক্ষায় প্রায় দ্বিগুণ জনপ্রিয়তা ও ভরসা বেড়েছে তাঁর। তাঁর মতো অভিজ্ঞ প্রশাসক এবং দক্ষ রাজনীবিদকেই দেশের শীর্ষে দেখতে চায় মানুষ। দল হিসেবে তৃণমূল কংগ্রেস এই মুহূর্তে লোকসভায় ৩০টি আসন পাওয়া মানে ২০২৬–এ বিধানসভা নির্বাচনে তৃণমূলের দুই–তৃতীয়াংশ আসন নিয়ে ফের বাংলার মসনদে ফেরাটা স্রেফ সময়ের অপেক্ষা। যত দিন গড়াবে, তৃণমূলের আসনসংখ্যা বাড়বে। উল্টোদিকে ক্রমশ তলানির দিকে এগোচ্ছে বিজেপি। নিশ্চিতভাবে বাংলায় তাদের আসন কমছে।


## নিয়োগ দুর্নীতিতে ভারতী ঘোষ, দিব্যেন্দু অধিকারী, মমতাবালা ঠাকুরদের নাম! দাবি সিবিআই সূত্রর




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

নিয়োগ দুর্নীতি মামলায় ইতিমধ্যে জেলবন্দি রয়েছেন রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়। নাম জড়িয়েছিল শাসকদলের আরও একাধিক নেতা, বিধায়কের। এবার নিয়োগ মামলায় নাম জড়াল পদ্মশিবিরের দুই প্রভাবশালী নেতা-নেত্রীরও।২০২২ সালের ২৩ জুলাই গভীর রাতে রাজ্যের তৎকালীন শিল্পমন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়কে

এরপর ৩ পৃষ্ঠায়






# শর্ত সাপেক্ষে RSS-এর জনসভা করার পারমিশন দিলো হাইকোর্ট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**কলকাতা :-** কলকাতা হাইকোর্ট রাজ্য সরকারের আপত্তি খারিজ করে আগামী ১৬ ফেব্রুয়ারি বর্ধমানে আরএসএস-এর সমাবেশের অনুমতি দিয়েছে। এদিন সমাবেশে আরএসএস প্রধান মোহন ভাগবত উপস্থিত থাকার সম্ভাবনা রয়েছে। মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বাধীন পশ্চিমবঙ্গ সরকারের অস্বীকৃতির পর জনসভায় ভাষণ দেওয়ার অনুমতি চেয়ে আদালতে আবেদন করে আরএসএস।শুক্রবার মামলাকারী দেবাশিস চৌধুরীর আইনজীবী ধীরাজ ত্রিবেদী আদালতে জানান, অনেক বড় জায়গার মধ্যে কম আয়তন নিয়ে এই কর্মসূচি করা হচ্ছে। সভাস্থলের এক থেকে দু'কিলোমিটারের মধ্যে কোনও শিক্ষা প্রতিষ্ঠান নেই। বেলা ১১টা থেকে ১২টা ১৫ মিনিট পর্যন্ত সভা চলবে। প্রশাসনের তরফে জানানো হয়েছে, মাইক বা সাউন্ড সিস্টেম ব্যবহার করা যাবে না। তাতে পরীক্ষার্থীরা বিরক্ত হতে পারেন। কী ভাবে এই যুক্তি মানা হয়? প্রশ্ন তোলেন মামলাকারী। তিনি আরও জানান, সভাস্থলের কাছাকছি স্কুল তো দূর, বসতি এলাকাও নেই। তা ছাড়া, ওই এলাকায় কর্মসূচির জন্য রাজ্যের অনুমতির প্রয়োজন পড়ে না। রাজ্যের তরফে অ্যাডভোকেট জেনারেল (এজি) কিশোর দত্ত বলেন, "ওই এলাকায় তিনটি স্কুল রয়েছে। মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরুর তিন দিন আগে থেকে পরীক্ষা শেষের দিন পর্যন্ত এলাকায় মাইক বাজানো নিষিদ্ধ করা হয়েছে। পরীক্ষার দিনক্ষণ জানিয়ে গত বছর জুন মাসেই এই বিজ্ঞপ্তি জারি হয়। ১২ ফেব্রুয়ারি থেকে নিয়ম জারি করা হবে বলা হয়েছিল। জেনেশুনে এই সময়ের মধ্যে আরএসএসের কর্মসূচি আয়োজন করা হয়েছে। উভয় পক্ষের বক্তব্য শুনে আদালত জানায়, ভাগবতের সভা নির্ধারিত দিনে নির্ধারিত সময়েই হবে। তবে পরীক্ষার্থীদের অসুবিধা হয় এমন কিছু ওই সভা থেকে করা যাবে না। কর্মসূচি করতে হবে দায়িত্বশীল ভাবে

# আবার কলকাতায় ভয়াবহ আগুন



**বেবি চক্রবর্ত্তী: কলকাতা**

অগ্নিদেব কিছুতেই কলকাতাকে ছাড়ছে না। একের পর এক জায়গায় আগুন লেগে চলেছে। এবার শিয়ালদা স্টেশন সংলগ্ন প্রাচী সিনেমার পাশে। বৃহস্পতিবার রাত ১১টা নাগাদ আগুন লেগেছে। প্রথমে ফুলের দোকানে আগুন লাগে। সেই আগুন তারপর আশপাশের খাবারের দোকানেও ছড়িয়েছে। ঘিঞ্জি এলাকা হওয়ায় তাই আগুন ছড়িয়ে পড়ার আশঙ্কা করা হচ্ছে। সাদা ধোঁয়ায় ঢেকে গিয়েছে চারপাশের এলাকা। দ্রুত দমকলের কর্মীরা আগুন

এরপর ৬ পাতায়

# রত্না-মিনিকেট বা বাঁশকাঠি, সব চালের দাম বাড়ল কিলোতে ৫-১০ টাকা!

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

যে রাজ্য ধানের ভান্ডার, সেই রাজ্যেই চালের দাম ঊর্ধ্বমুখী! সবজির অগ্নিমূল্যের পর চালের চড়া দামে নাভিশ্বাস উঠছে সাধারণ মধ্যবিত্তের। ব্যবসায়ীদের আশঙ্কা আগামীদিনে দাম আরও ঊর্ধ্বমুখী হতে পারে। কিন্তু কেন এমন পরিস্থিতি? কী বলছেন ব্যবসায়ীরা? প্রতি কেজি চালের দাম বেড়েছে ৫ থেকে ৭ টাকা। মিনিকেট চাল এখন ৬০-৬২ টাকা, রত্না চাল ৫০ টাকা, বাঁশকাঠি চাল ৮০ টাকা, এবং গোবিন্দভোগ ১০০ টাকা প্রতি কেজিতে পৌঁছেছে। ব্যবসায়ীরা আশঙ্কা করছেন, এই দামে বাজার আরও ঊর্ধ্বমুখী হবে। এমন পরিস্থিতিতে, মধ্যবিত্তদের মাথায় হাত পড়ছে, এবং চালে দাম বাড়ানোর ফলে



তাঁদের পকেটও ক্রমেই সঙ্কুচিত হচ্ছে।আগে ৫৫ টাকা কেজি দামে যে চাল পাওয়া যেত, এখন তা ৬২ টাকা কেজি দামে বিক্রি হচ্ছে।

দোকানদারদের মতে, এই বাড়তি দাম মূলত দক্ষিণবঙ্গে সঠিকভাবে চাল উৎপাদন না হওয়ার কারণে বর্ষায় ধান নষ্ট হয়ে গিয়েছে বিভিন্ন জায়গায়। এক লাফে কেজি প্রতি ১০ টাকা দাম বাড়ানোর পর, মিনিকেট, রত্না, বাঁশকাঠি, গোবিন্দ ভোগ-সব ধরনের চালই এখন মহার্ঘ্য। বাজারে এই অস্বাভাবিক দাম বৃদ্ধি দেখে ক্রেতাদের মধ্যে বাড়ছে অস্বস্তি।







(১ম পাতার পর)

# নিয়োগ দুর্নীতিতে ভারতী ঘোষ, দিব্যেন্দু অধিকারী, মমতাবালা ঠাকুরদের নাম! দাবি সিবিআই সূত্রর

গ্রেফতার করেছিল সিবিআই। দুদিন পর পার্থর বান্ধবী অর্পিতা মুখোপাধ্যায়ের দুটি ফ্ল্যাটে তল্লাশি চালিয়ে নগদ ৫১ কোটি-সহ প্রচুর সোনা এবং বিদেশি মুদ্রা বাজেয়াপ্ত করেছিলেন তদন্তকারীরা। সেই সূত্রে সামনে এসেছিল রাজ্যের শিক্ষাক্ষেত্রে নিয়োগ দুর্নীতির বিষয়টি। প্রসঙ্গত, এর আগে রাজ্যের শিক্ষামন্ত্রী পদে ছিলেন পার্থ। সে সময়ই নিয়োগ দুর্নীতি হয়েছিল বলে অভিযোগ। এবার কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার সূত্র ধরে সেই দুর্নীতিতে নাম জড়িয়ে গেল বিরোধী দলের দুই নেতা-নেত্রীরও।

সিবিআই সূত্রের দাবি, নিয়োগ দুর্নীতির সুপারিশে যুক্ত ছিলেন রাজ্যের প্রাক্তন সাংসদ দিব্যেন্দু অধিকারী, প্রাক্তন আইপিএস ভারতী ঘোষ এবং তৃণমূলের রাজ্যসভার সাংসদ মমতাবালা ঠাকুরও।

রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর ভাই দিব্যেন্দু অধিকারী। অতীতে তৃণমূলের তমলুকের সাংসদ ছিলেন দিব্যেন্দু। প্রাক্তন আইপিএস ভারতী ঘোষও অতীতে তৃণমূলে ছিলেন। তবে দিব্যেন্দু এবং ভারতী দু'জনেই বর্তমানে বিজেপিতে রয়েছেন। নিয়োগ দুর্নীতিতে এবার বিজেপির দুই প্রভাবশালীর নাম জড়িয়ে যাওয়ায় রাজনৈতিতক মহলে শোরগোল ছড়িয়েছে।সূত্রের দাবি, সম্প্রতি নিয়োগ মামলায় সিবিআইয়ের বিশেষ আদালতে রিপোর্ট পেশ করেছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। সেখানেই দিব্যেন্দু অধিকারী, ভারতী ঘোষ, মমতাবালা ঠাকুর-সহ একাধিক প্রভাবশালীর নামোল্লেখ করা হয়েছে। তদন্তকারী সংস্থা সূত্রের খবর, ২০টি করে চাকরির জন্য সুপারিশ করেছিলেন দিব্যেন্দু এবং মমতাবালা। আর চারটি নাম সুপারিশ করেছিলেন প্রাক্তন আইপিএস ভারতী ঘোষ।

সিবিআই কীভাবে জানতে পারল প্রভাবশালীদের নাম? সূত্রের খবর, প্রাথমিকে নিয়োগ দুর্নীতির তদন্তে নেমে গত বছর বেশ কয়েক দফায় শিক্ষা দফতরে তল্লাশি অভিযান চালিয়েছিলেন তদন্তকারীরা। সে সময় শিক্ষা দফতর থেকে বেশ কয়েক ট্রাঙ্ক নথি বাজেয়াপ্ত করেছিলেন তাঁরা। ওই নথির মধ্যে থেকেই শুভেন্দুর ভাই দিব্যেন্দু, ভারতী ঘোষ এবং মমতাবালা ঠাকুরের সুপারিশ পত্র পাওয়া গিয়েছে বলে তদন্তকারী সংস্থা সূত্রের খবর।

যদিও এ ব্যাপারে চক্রান্তের অভিযোগ তুলেছে মমতাবালা ঠাকুর এবং ভারতী ঘোষ। একটি সংবাদমাধ্যমকে ভারতী ঘোষ বলেন, "কারও চাকরির সুপারিশ করিনি। শুধু একজনের ক্ষেত্রে পরীক্ষা কেন্দ্র বদলের অনুরোধ করেছিলাম। এজন্য দুর্নীতির সঙ্গে নাম জড়ালে আইনি পথে মোকাবিলা করব।" মমতাবালার বক্তব্য, "পুরোটাই চক্রান্ত।" তবে এ ব্যাপারে যা বলার তা আদালত বা কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাকেই জানাবেন বলে জানিয়েছেন দিব্যেন্দু।

# ভারতের সমৃদ্ধশালী তাঁতবস্ত্র এবং হস্তশিল্পের ঐতিহ্যকে তুলে ধরতে কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী শ্রী গিরিরাজ সিং ইন্ডি হাট বা ভারত হাটের উদ্বোধন করেছেন

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী শ্রী গিরিরাজ সিং নতুন দিল্লির ন্যাশনাল ক্রাফ্ট মিউজিয়াম অ্যান্ড হস্তকলা অ্যাকাডেমিতে ইন্ডি হাট বা ভারত হাটের উদ্বোধন করেছেন। অনুষ্ঠানে তিনি বলেন, এই হাট শুধু একটি প্রদর্শনী নয়, একইসঙ্গে ভারতের সমৃদ্ধশালী তাঁতবস্ত্র এবং হস্তশিল্পের ঐতিহ্যকে তুলে ধরার জায়গা। এর মাধ্যমে ঐতিহ্যবাহী কারুশিল্পকে শুধুমাত্র সংরক্ষণই করা যাবে না, পাশাপাশি কারিগর এবং তাঁতিরা বিশ্ব বাজারে সরাসরি প্রবেশাধিকারে সুযোগ পাবেন।

১২ থেকে ১৮ ফেব্রুয়ারি পর্যন্ত এই হাট চলবে। এখানে দেশ-বিদেশের দর্শকদের কাছে ভারতের ঐতিহ্যবাহী শিল্পকলা প্রদর্শনের সুযোগ রয়েছে। এতে অংশগ্রহণকারী হস্তশিল্পী কারিগররা দেশের বিভিন্ন প্রান্ত থেকে নানান ধরনের কারুশিল্প নিয়ে হাজির হয়েছেন। এর মধ্যে রয়েছে গুলাবী মিনাকারি, মিথিলা পেন্টিং, কালো মৃৎপাত্র, চাম্বা রুমাল ইত্যাদি। তাঁত বস্ত্রের মধ্যে রয়েছে জামদানি শাড়ি, মুগা শাড়ি, পশমিনা শাল প্রমুখ।

এই হাটে আসা দর্শকরা ঐতিহ্যবাহী কারুশিল্প নির্মাণের সরাসরি অভিজ্ঞতা লাভ করতে পারবেন। এমনকি কারিগরদের সঙ্গে কথাও বলতে পারবেন। এতে ক্রেতা এবং বিক্রেতার মধ্যে সংযোগ যেমন বাড়বে, তেমনই কারিগরদের আর্থিক ক্ষমতায়নের পথও সুপ্রশস্ত হবে।

# ভারত, নেপাল এবং শ্রীলঙ্কায় প্রধান বৌদ্ধ স্থানগুলি ঘুরে দেখার জন্য হৃদয়গ্রাহী ভগবান বুদ্ধ ত্রিদেশীয় ট্রাই সার্ভিসেস মটরসাইকেল অভিযান

**নয়াদিল্লি, ১৪ ফেব্রুয়ারি , ২০২৫**

হৃদয়গ্রাহী ভগবান বুদ্ধ ত্রিদেশীয় ট্রাই সার্ভিসেস মটরসাইকেল অভিযান হল এক ঐতিহাসিক এবং অনন্য উদ্যোগ, যা ভারত, নেপাল এবং শ্রীলঙ্কাকে তাদের বৌদ্ধ ঐতিহ্যের মাধ্যমে একত্রিত করে। ইন্টারন্যাশনাল বুদ্ধিষ্ট কনফেডারেশন (আইবিসি)-এর সহযোগিতায় আহ্বায়ক শ্রী রাহুল লক্ষ্মণ পাটিলের নেতৃত্বে এই অভিযান সংগঠিত হবে।

ভগবান বুদ্ধের জন্মস্থান নেপালের লুম্বিনী থেকে ১৬ ফেব্রুয়ারি এই যাত্রার সূচনা হবে। এই যাত্রার মাধ্যমে বৌদ্ধ ধর্মের ঐতিহাসিক বিস্তার এবং সংশ্লিষ্ট দেশগুলির মধ্যে গভীর সাংস্কৃতিক ও আধ্যাত্মিক সংযোগকে শক্তিশালী করে তুলবে। এই অভিযানের আওতায় থাকছে ভারত, নেপাল এবং শ্রীলঙ্কা জুড়ে ছড়িয়ে থাকা উল্লেখযোগ্য বৌদ্ধ ঐতিহ্য স্থানগুলি।

ভারতে স্বরাষ্ট্র মন্ত্রকের আওতায় থাকা স্থলবন্দর কর্তৃপক্ষ এবং বিদেশ মন্ত্রকের আওতায় থাকা রাজগিরে নালন্দা বিশ্ববিদ্যালয়ের সহায়তায় এই অভিযানের আয়োজন করা হয়েছে। উত্তরপ্রদেশের সারনাথ, বিহারের বোধগয়া, বিহারের নালন্দা, অন্ধ্রপ্রদেশের নাগার্জুন সাগর, ওড়িশার উদয়গিরি এবং কর্ণাটকের বিভিন্ন বৌদ্ধ স্থানে যাবে অভিযাত্রী দলটি।

১৯ ফেব্রুয়ারি ভারতে প্রাক্তন রাষ্ট্রপতি শ্রী রামনাথ কোবিন্দ বোধগয়া থেকে এ দেশে এই অভিযানের আনুষ্ঠানিক সূচনা করবেন। এরপর এই মটরসাইকেল দল শ্রীলঙ্কায় যাবে। জাফনায় আনুষ্ঠানিকভাবে তাদের স্বাগত জানানো হবে। সেখানেই এই ঐতিহাসিক যাত্রার সমাপ্তি হবে।

ত্রিদেশীয় এই ট্রাই সার্ভিসেস মটরসাইকেল অভিযানের লক্ষ্যই হল বুদ্ধের শিক্ষার মাধ্যমে শান্তি ও সম্প্রীতির প্রচার করা এবং দক্ষিণ এশিয়া জুড়ে সংস্কৃতি ও ঐতিহ্যবাহী পর্যটন বৃদ্ধি। পাশাপাশি ভারত, নেপাল ও শ্রীলঙ্কার মধ্যে প্রতিরক্ষা এবং মানুষের সঙ্গে মানুষের সম্পর্ক সুদৃঢ় করে তোলা।

এই উদ্যোগ বৌদ্ধ ধর্মের ঐক্যবদ্ধ শক্তির প্রমাণ স্বরূপ। এতে তিন দেশের মানুষের মধ্যে অভিন্ন আধ্যাত্মিক সম্পর্ক গড়ে উঠবে ও ঐতিহাসিক ঐতিহ্য উদযাপনে সুযোগ করে দেবে।

## সম্পাদকীয়

### থাইল্যান্ডে সম্বাদ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর বক্তব্য

থাইল্যান্ডে অনুষ্ঠিত সম্বাদ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে বক্তব্য রেখেছেন। এই অনুষ্ঠান আয়োজনের জন্য ভারত, জাপান ও থাইল্যান্ডের অগ্রণী প্রতিষ্ঠান ও বিশিষ্ট ব্যক্তিত্বদের ধন্যবাদ জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, এতে যোগ দিতে পেরে তিনি নিজেকে সম্মানিত মনে করছেন। অংশগ্রহণকারীদের তিনি শুভেচ্ছা জানান।

তাঁর বন্ধু শিনজো আবে-কে স্মরণ করে প্রধানমন্ত্রী বলেন, ২০১৫ সালে তাঁদের কথোপকথনের সময়েই সম্বাদের ধারণার জন্ম হয়েছিল। তার পর থেকে বিভিন্ন দেশে সম্বাদের আয়োজন করা হয়েছে। এর মধ্য দিয়ে বিতর্ক, আলোচনা এবং গভীর বোঝাপড়া গড়ে উঠেছে।

থাইল্যান্ডকে সমৃদ্ধ সংস্কৃতি, ইতিহাস ও ঐতিহ্যের দেশ হিসেবে আখ্যা দিয়ে প্রধানমন্ত্রী বলেন, এবারের সম্বাদের আয়োজন থাইল্যান্ডে হওয়ায় তিনি আনন্দিত। থাইল্যান্ড এশিয়ার অভিন্ন দার্শনিক ও আধ্যাত্মিক ঐতিহ্যের এক চমৎকার নিদর্শন বলে শ্রী মোদী মন্তব্য করেন।

ভারত ও থাইল্যান্ডের মধ্যে ২ হাজার বছরেরও বেশি সময় ধরে প্রসারিত গভীর সাংস্কৃতিক যোগসূত্রের উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, রামায়ন ও রামাকিয়েন এবং ভগবান বুদ্ধের প্রতি সুগভীর শ্রদ্ধা দুটি দেশকে সংযুক্ত করেছে। গত বছর ভারত যখন ভগবান বুদ্ধের পবিত্র দেহাবশেষ থাইল্যান্ডে পাঠিয়েছিল তখন লক্ষ লক্ষ ভক্ত তাঁদের শ্রদ্ধা নিবেদন করেছিলেন। বিভিন্ন ক্ষেত্রে ভারত ও থাইল্যান্ডের মধ্যে প্রাণবন্ত অংশীদারিত্বের উল্লেখ করে তিনি বলেন, ভারতের 'পুবে সক্রিয়' নীতি এবং থাইল্যান্ডের 'পশ্চিমে সক্রিয়' নীতি একে অপরের পরিপূরক, পারস্পরিক অগ্রগতি ও সমৃদ্ধির সহায়ক। এই সম্মেলন দুদেশের বন্ধুত্বের মধ্যে আরও এক নতুন অধ্যায়ের সূচনা করবে বলে তিনি মন্তব্য করেন।

সম্বাদের মূল ভাবনা এশিয়ার শতক বিষয়ে বলতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, মানুষজন প্রায়শই এশিয়ার অর্থনৈতিক উত্থান নিয়ে আলোচনা করেন। এই সম্মেলন দেখিয়ে দেয় যে, এশিয়ার শতক বলতে শুধু অর্থনৈতিক সমৃদ্ধিকেই বোঝায় না, সামাজিক মূল্যবোধকেও বোঝায়। ভগবান বুদ্ধের শিক্ষা এক শান্তিপূর্ণ প্রগতিশীল বিশ্ব নির্মাণের দিশা দেখাতে পারে, তাঁর জ্ঞান মানবকেন্দ্রিক ভবিষ্যতের দিকে এগিয়ে চলার ক্ষমতা দেয়।

সম্বাদের অন্যতম মূল ভাবনা দ্বন্দ্ব এড়ানোর বিষয়ে প্রধানমন্ত্রী বলেন, একমাত্র একটি পথেই সঠিক এবং অন্যগুলি ভুল – এই ভাবনা থেকে প্রায়শই দ্বন্দ্বের সৃষ্টি হয়। এই প্রসঙ্গে ভগবান বুদ্ধের অন্তর্দৃষ্টির উল্লেখ করে তিনি বলেন, কিছু লোক একটি মাত্র দিককেই সত্য বলে ভেবে নিজেদের দৃষ্টিভঙ্গি আঁকড়ে থেকে তর্ক করে। অথচ একই বিষয় নিয়ে নানা ধরণের দৃষ্টিভঙ্গি থাকতেই পারে। ঋকবেদ উদ্ধৃত করে প্রধানমন্ত্রী বলেন, সত্যকে বিভিন্ন দৃষ্টিভঙ্গি থেকেই দেখা যায়, তা যদি আমরা স্বীকার করে নিই, তাহলেই আমরা দ্বন্দ্ব এড়াতে পারি।

শ্রী মোদী দ্বন্দ্বের আরেকটি কারণের উল্লেখ করে বলেন, অন্যদের নিজেদের থেকে সম্পূর্ণ আলাদা ভাবা দ্বন্দ্বের জন্ম দেয়। পার্থক্য থেকে দূরত্বের সৃষ্টি হয় এবং দূরত্ব বিভেদে পরিণত হয়। এই প্রসঙ্গে তিনি ধম্মপদ থেকে একটি শ্লোক উদ্ধৃত করে বলেন, সকলেই যন্ত্রণা ও দুঃখকে ভয় পায়। আমরা যখন অন্যদেরও নিজেদের মতোই ভাবতে পারবো, তখনই হিংসার অবসান হবে। এই আদর্শ অনুসরণ করলে দ্বন্দ্ব এড়ানো সম্ভব।

## আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(সাইত্রিশতম পর্ব)



গড়িয়ে দিয়েছিলেন পাইকপাড়ার রাজা ইন্দ্রচন্দ্র সিংহ। পাতিয়ালার মহারাজও সোনার মুণ্ডমালা দান করেন। খিদিরপুরের গোকুলচন্দ্র ঘোষাল কালী মায়ের চার হাত রুপোর তৈরি করে দিয়েছিলেন। সেই হাত পরে সোনার করে দিয়েছিলেন কালীচরণ মল্লিক। দেবীর মাথার ছাতা দান করেছিলেন নেপালের সেনাপতি জঙ্গ বাহাদুর। মূল মন্দির সংলগ্ন অনেকগুলি ছোটো ছোটো মন্দিরে রাধাকৃষ্ণ, শিব প্রভৃতি দেবতা পূজিত হন।কালীঘাট মন্দিরের নিকটেই পীঠরক্ষক দেবতা নকুলেশ্বর শিবের মন্দির।

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

## প্রয়াগরাজ মহাকুম্ভে ধনঞ্জয় , হেঁতাল পারেখ ও নাটা মল্লিকের আত্মার শান্তি কামনায় তর্পণ অনুষ্ঠান ধনঞ্জয় চট্টোপাধ্যায় মামলা পুনর্বিচার মঞ্চের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভ্যালেন্টাইন্স বা ভালোবাসার দিবসে সারা পৃথিবী যখন তাদের প্রিয়জনকে শুভেচ্ছা জানাচ্ছে, সেই দিনটিকেই বেছে নিয়ে কনভেনর ডক্টর চন্দ্রচূড় গোস্বামীর উদ্যোগে ধনঞ্জয়, হেঁতাল পারেখ ও নাটা মল্লিকের আত্মার শান্তি কামনায় প্রয়াগরাজ কুম্ভমেলার ত্রিবেণী সঙ্গমে তর্পণ করলো ধনঞ্জয় চট্টোপাধ্যায় মামলা পুনর্বিচার মঞ্চের সদস্যরা । এমন একটি দিনকে বাছাই করার কারণ হিসেবে মঞ্চের বক্তব্য মূলত রাজনৈতিক চক্রান্ত, বিচার ব্যবস্থার ত্রুটি এবং গরীব মানুষের প্রতি ঘৃণার কারণেই সেই সময় সিস্টেমের দ্বারা খুন হতে হয়েছে বাঁকুড়ার কুলোডিহির বাসিন্দা ধনঞ্জয় চট্টোপাধ্যায়কে । ডাক্তার তিলোত্তমার বিচার প্রক্রিয়া নিয়ে সারা দেশ যখন উত্তাল ঠিক সেই সময় বিচার ব্যবস্থার আমূল পরিবর্তনের দাবীতে আওয়াজ তুলেছে ধনঞ্জয় চট্টোপাধ্যায় মামলা পুনর্বিচার মঞ্চ । মঞ্চের দাবী মূলত রাজনৈতিক ষড়যন্ত্রের কারণেই বিচার ব্যবস্থার ত্রুটির সুযোগ নিয়ে হেঁতাল পারেখ খুনের মামলায় আসল অপরাধীকে আড়াল করতে ফাঁসিতে ঝুলিয়ে দেওয়া

এরপর ৬ পাতায়

## শিবরাত্রি ব্রতের ব্যাখ্যা করেন মহাদেব স্বয়ং



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

নিয়মমতো ষোল সোমবার করার পর তার যে পুত্র কার্তিক তার ওপরে রেগে ছিল, সে বাধ্য সন্তানের মত মায়ের কাছে ফিরে এসে জিজ্ঞেস করে ব্যাপারটা কি! তখন মা পার্বতী তাঁকে ষোল সোমবারের কথা বলেন। কার্তিকও এই ব্রত পালন করে তার এক ব্রাহ্মণবন্ধুকে কাছে পেয়ে যায়।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# পোস্ট অফিসে ২১ হাজার শূন্য পদে নিয়োগ, বেসিক ১২-২৯ হাজার টাকা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**




ভারতজুড়ে ২১,৪১৩ জন্য নিয়োগ প্রক্রিয়া চালু করল ডাক বিভাগ। শূন্যপদগুলির মধ্যে রয়েছে ব্রাঞ্চ পোস্টমাস্টার (বিপিএম), অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্টমাস্টার (এবিপিএম) এবং ডাক সেবকের মতো পদ।মেধা তালিকার ভিত্তিতে নির্বাচন প্রক্রিয়া-

নির্বাচন প্রক্রিয়ার জন্য কোনও পরীক্ষা হবে না। পরিবর্তে, একটি সিস্টেম-উৎপাদিত মেধা তালিকা চূড়ান্ত প্রার্থীদের নির্ধারণ করবে, যা দশম শ্রেণীতে প্রাপ্ত নম্বরের শতাংশের উপর ভিত্তি করে। সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদের প্রয়োজনে ডকুমেন্ট যাচাই এবং একটি মেডিকেল ফিটনেস পরীক্ষা দিতে হবে।দশম শ্রেণীর পরীক্ষায় উত্তীর্ণরা বারতীয় ডাক বিভাগের অফিসিয়াল ওয়েবসাইট, indiapostgdsonline.gov.in এর মাধ্যমে আবেদন করতে পারবেন।আবেদন প্রক্রিয়া ৩ মার্চ পর্যন্ত চালু থাকবে, এবং সংশোধনের সময়সূচী ৬ থেকে ৮ মার্চ পর্যন্ত। ইন্ডিয়া পোস্ট জিডিএস ২০২৫-এর জন্য নথিভুক্তকরণ প্রক্রিয়া ১০ ফেব্রুয়ারি শুরু হয়েছে, আবেদনের শেষ তারিখ ৩ মার্চ।

**কোন কোন রাজ্যে নিয়োগ?**

শূন্য পদে নিয়োগ হবে উত্তর-পূর্ব, ওড়িশা, পাঞ্জাব, জম্মু ও কাশ্মীর, ঝাড়খণ্ড, কর্নাটক, কেরল, মধ্যপ্রদেশ, তামিলনাড়ু, তেলেঙ্গানা, উত্তরপ্রদেশ, উত্তরাখণ্ড, পশ্চিমবঙ্গ, দিল্লি, গুজরাট, হরিয়ানা, হিমাচল প্রদেশ, মহারাষ্ট্র এবং অসম-সহ বিভিন্ন রাজ্যে। তামিলনাড়ুতে সর্বাধিক সংখ্যক শূন্যপদ রয়েছে, তারপরেই রয়েছে উত্তরপ্রদেশ।

**যোগ্যতার মানদণ্ড-**

২০২৫ সালের ৩ মার্চ তারিখে আবেদনকারীদের বয়স ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত বিভাগের প্রার্থীরা সরকারি নিয়ম অনুসারে বয়সের সীমা শিথিলকরণের জন্য যোগ্য হবেন। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে, প্রার্থীদের অবশ্যই স্বীকৃত স্কুল শিক্ষা বোর্ড থেকে ইংরেজি এবং গণিত বাধ্যতামূলক বিষয়-সহ দশম শ্রেণী উত্তীর্ণ হতে হবে।

**আবেদন মূল্য?**

সমস্ত পদের জন্য আবেদন মূল্য ১০০ টাকা। তবে, মহিলা আবেদনকারী, এসসি/এসটি প্রার্থী, প্রতিবন্ধী আবেদনকারী এবং ট্রান্সওমেন আবেদনকারীদের ফর্ম পূরণে কোনও অর্থ লাগবে না।কীভাবে আবেদন করবেন?

আবেদন করার জন্য, প্রার্থীদের indiapostgdsonline.gov.in-এ অফিসিয়াল ওয়েবসাইটে যেতে হবে। প্রক্রিয়াটিতে ওয়েবসাইটে নথিভুক্ত করা, আবেদনপত্র পূরণ করা, প্রয়োজনীয় নথি আপলোড করা, আবেদন ফি জমা দেওয়া এবং জমা চূড়ান্ত করা অন্তর্ভুক্ত। ভবিষ্যতের রেফারেন্সের জন্য পূরণ করা ফর্মের একটি প্রিন্টআউট কপি নিয়ে নিতে হবে।

**নির্বাচিত প্রার্থীদের জন্য বেতন কত?**

গ্রামীণ ডাক সেবকদের (জিডিএস) বেতন সময় সম্পর্কিত ধারাবাহিকতা ভাতা (টিআরসিএ) আকারে প্রদান করা হয়, যা জিডিএস নিয়মে বর্ণিত কিছু শর্ত সাপেক্ষে বার্ষিক ৩ শতাংশ বৃদ্ধি পায়। উপরন্তু, ভারত সরকার কর্তৃক ঘোষিত TRCA-তে তারা মহার্ঘ ভাতা (DA) পান।গ্রামীণ ডাক সেবক কর্মীরা বিভিন্ন ভাতা এবং সামাজিক নিরাপত্তা সুবিধাও পাওয়ার যোগ্য, যার মধ্যে রয়েছে জিডিএস গ্র্যাচুইটি এবং সার্ভিস ডিসচার্জ বেনিফিট স্কিম, যা নিয়মিত কর্মীদের জন্য প্রযোজ্য জাতীয় পেনশনের মতোই। প্রাথমিক চুক্তি অনুসারে, ব্রাঞ্চ পোস্টমাস্টাররা ১২,০০০ টাকা থেকে ২৯,৩৮০ টাকা পর্যন্ত TRCA পান, যেখানে অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্টমাস্টাররা (ABPM) এবং ডাক সেবকরা ১০,০০০ টাকা থেকে ২৪,৪৭০ টাকার মধ্যে TRCA পান।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219 (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফামেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 10 জীবন জ্যোতি ফামেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফামেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফামেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফামেসী | 17 ইউনিক ফামেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফামেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফামেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফামেসী | 28 সৌভিক ফামেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফামেসী |



# ২০৩০ সালের মধ্যে ভারত-আমেরিকার বাণিজ্য দ্বিগুণ করার প্রতিশ্রুতি দিয়েছেন দুই রাষ্ট্রনেতা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



**দিল্লী** :- যখন অবৈধভাবে বসবাসকারী ভারতীয়দের হাতে পায়ে শিকল পরিয়ে ট্রাম্প তাদের ভারতে পাঠিয়েছে, তখন ট্রাম্পের ভুয়সী প্রশংসা করলেন নরেন্দ্র মোদী। এতে দেশের ভিতরে তিনি সমলোচনার মুখে পরেছেন। তিন দিনের সফরে মদন বন্ধু ট্রাম্পের দেশে। আলোচনা হয়েছে দুই রাষ্ট্র প্রধানের মধ্যে। তবে এই সব নানাবিধ প্রসঙ্গের মাঝেও নজর কেড়েছে দুই দেশের মধ্যে হওয়া বাণিজ্যিক প্রতিশ্রুতির অঙ্ক। বৃহস্পতিবার, দ্বিপাক্ষিক বৈঠক থেকেই ২০৩০ সালের মধ্যে ভারত-আমেরিকার বাণিজ্য দ্বিগুণ করার প্রতিশ্রুতি দিয়েছেন দুই রাষ্ট্রনেতা। ট্রাম্পের 'মেক আমেরিকা গ্রেট এগেইন'-এর আদলেই 'মেক ইন্ডিয়া গ্রেট এগেইন'-এর স্লোগান দিয়েছেন মোদী। ওই দেশের সংবাদমাধ্যম সূত্রে খবর, দ্বিপাক্ষিক বৈঠকের পর সাংবাদিক বৈঠক করেন দুই রাষ্ট্রনেতা।

সেখানেই তাঁরা দাবি করেন, শক্তি, প্রতিরক্ষা, প্রযুক্তি-সহ আরও একাধিক খাতে আগামী ২০৩০ সালের মধ্যে ৫০০ বিলিয়ন ডলার বা ভারতীয় মুদ্রায় ৪৩ লক্ষ ৪১ হাজার ৯৮৭ কোটি টাকা বরাদ্দ করেছে দুই দেশ। এছাড়াও, মহাকাশ গবেষণায় যৌথ ভাবে কাজ করবে নাসা-ইসরো, সেই প্রতিশ্রুতিটাও দিয়েছেন নরেন্দ্র মোদী। উল্লেখ্য, ভারতের হাত মজবুত করতে আগ্রহ দেখিয়েছেন ট্রাম্পও। যে মুহূর্তে পড়শি দেশের আগুনের আঁচ পড়া শুরু হয়েছে এই দেশের অন্দরেও। সেই মুহূর্তে মোদীর সঙ্গে বৈঠক থেকে ভারতকে সামরিক ভাবে আরও মজবুত করতে বিশ্বের সর্বশক্তিমান যুদ্ধবিমান বিক্রির ঘোষণা করে দিলেন ট্রাম্প। এছাড়াও, চলতি শুল্ক-যুদ্ধ নিয়ে মুখ খুলেছেন তারা। ভারতের সঙ্গে আমেরিকা যে কাঁধে কাঁধ মিলিয়ে চলবে, এমনটাই প্রতিশ্রুতি মার্কিন প্রেসিডেন্টের। মোদী-ট্রাম্পের এই বৈঠক যে ভারতের ভবিষ্যতের দিক থেকে ইতিবাচক, সেই ইঙ্গিতটাও কিন্তু দিচ্ছেন আন্তর্জাতিক বিশেষজ্ঞরা। তবে শেষ পর্যন্ত এই চুক্তি কতটা কার্যকর হয় তা দেখতে হবে।

(৪ পাতার পর)

## প্রয়াগরাজ মহাকুম্ভে ধনঞ্জয় , হেঁতাল পারেখ ও নাটা মল্লিকের আত্মার শান্তি কামনায় তর্পণ অনুষ্ঠান ধনঞ্জয় চট্টোপাধ্যায় মামলা পুনর্বিচার মঞ্চের

হয়েছে দরিদ্র পুরোহিত ঘরের সন্তান নিরপরাধ ধনঞ্জয় চট্টোপাধ্যায়কে । ফলে আসল অপরাধী শাস্তি না পাওয়ার ফলে হেঁতাল পারেখের আত্মা আজও শান্তি পায়নি । শুধু তাই নয়, ধনঞ্জয় আসল অপরাধী না হলে একজন নিরপরাধ ব্যক্তিকে ফাঁসি দিয়ে সিস্টেম নাটা মল্লিককেও অপরাধের ভাগী হতে বাধ্য করেছে । এই কারণেই পুনর্বিচার মঞ্চের কনভেনের ডক্টর চন্দ্রচূড় গোস্বামীর বক্তব্য আমরা ধনঞ্জয় চট্টোপাধ্যায়, হেঁতাল পারেখ এবং নাটা মল্লিকের বিদেহী আত্মার শান্তি কামনায় তর্পণ করার পাশাপাশি ধনঞ্জয়ের ফাঁসি মামলায় কোর্ট কেসের প্রায় সমস্ত কাগজ আমরা সংগ্রহ করেছি যা নিশ্চিত ভাবে প্রমাণ করবে ধনঞ্জয় আসলে নিরপরাধ ছিলেন । ইতিমধ্যেই আমরা এই মামলার পুনর্বিচার চেয়ে ভারতের মাননীয়া রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু, মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতিকে ডেপুটেশন কপি পাঠানোর পাশাপাশি হাতে করে বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়, মাননীয় আইনমন্ত্রী মলয় ঘটক এবং কারামন্ত্রী শ্রী চন্দ্রনাথ সিনহাকে ডেপুটেশন দিয়েছি । আমাদের কাজে উৎসাহী হয়ে প্রয়াত ফাঁসুরে নাটা মল্লিকের ছেলে পর্যন্ত আমাদের মঞ্চে যোগদান করেছেন সত্য অনুসন্ধানের আশায় ।আমরা প্রয়াগরাজ থেকে কুম্ভের পবিত্র জল নিয়ে ধনঞ্জয়ের পারিবারিক কালীমন্দির এবং বাঁকুড়ায় মা বাঁশুলির মন্দিরে যাবো এবং তারপর কালী ঠাকুরের আশীর্বাদ নিয়ে আমরা রাষ্ট্রপতির কাছে পুনর্বিচার চেয়ে পথে নেমে জনসংযোগ যাত্রা এবং গণআন্দোলন শুরু করতে চলেছি । একটি ত্রুটিহীন বিচার ব্যবস্থা এবং অপরাধমুক্ত সমাজ ব্যবস্থা গঠনের জন্য বাংলার প্রতিটি আদালতে আইনজীবী বন্ধুদের কাছে গিয়ে তাদেরকে নিজেদের আন্দোলনের সাথে যুক্ত করতে বৃহত্তর পরিকল্পনা গ্রহণ করেছে ধনঞ্জয় চট্টোপাধ্যায় মামলা পুনর্বিচার মঞ্চ ।

(২ পাতার পর)

## আবার কলকাতায় ভয়াবহ আগুন

নিয়ন্ত্রনে হাত লাগান। প্রথমে দমকলের ৬টি ইঞ্জিন ও পরে আরও ৪টি ইঞ্জিন এসে শেষ পর্যন্ত আগুন অনেকটাই নিয়ন্ত্রনে আনে।

ব্রিজের ওপর থেকে হোসপাইপ দিয়ে জল ঢালা হচ্ছে। স্থানীয় বাসিন্দা ও ব্যবসায়ীরাও আগুন নেভানোর কাজে হাত লাগিয়েছেন।প্রাথমিক অনুমান খাবারের দোকানের গ্যাসলিক হয়ে এই আগুন লেগেছে। যেহেতু এলাকাটি ঘিঞ্জি, তাই আগুন আরও ছড়িয়ে পড়ার আশঙ্কা করেছিল দমকল। ব্রিজের উপর থেকে হোস পাইপে জল ছিটিয়ে আগুন দ্রুত নিয়ন্ত্রণে আনতে সফল হয় দমকল।

# সিনেমার খবর

## ক্যামেরার সামনেই মেয়ে সোহানার পোশাক ঠিক করে দিলেন শাহরুখ



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বলিউড বাদশা শাহরুখ খান তার দুই সন্তান আরিয়ান খান ও সুহানা খানকে নিয়ে সোমবার হাজির হয়েছিলেন মুম্বাইয়ের নেটফ্লিক্স ইভেন্টে। ছেলের প্রথম পরিচালিত বলিউড সিরিজ 'দ্যা ব্যাডঅ্যাস অফ বলিউড'-এর উদ্বোধনে খান পরিবারকে দেখা গেল, খুদে আব্রামকে বাদ দিয়ে। আর সেখানে বাবা-মেয়ের একটি মজার ঘটনা ঘটলো সবার সামনেই।

একটি ভিডিওতে দেখা যায়, পারিবারিক ফ্রেমের জন্য পোজ দিচ্ছিলেন শাহরুখ পরিবার। সেই সময় মেয়ের পোশাক ঠিক করে দেন কিং খান। সুহানা বেশ মজা পান বাবার কাণ্ডে, এসময় মুচকি হাসতেও দেখা যায় তাকে।

ব্যাপারটা নজর এড়ায়নি আরিয়ান আর গৌরিরও। দাদা একবার আড়চোখে দেখে নেয় বোনকে। আর গোটা সময়টাকেই মুখে হাসি গৌরীর। আসলে তিনি খুব ভালো করেই জানেন বাবা হিসেবে তার স্বামী কতটা দায়িত্বশীল।

সুহানা, আরিয়ান বা আব্রামকে নিয়ে কথা বলতে গেলেই খুশি-গর্ব ফুটে ওঠে বাদশাহর গলাতে। ছেলেমেয়েদের শৈশবের গল্প বলতেও বেশ পছন্দ করেন তিনি। এদিন আরিয়ানের অভিষেক প্রোজেক্ট ঘোষণার সময় একটি মজাদার গল্প শেয়ার করে নিতে দেখা যায় শাহরুখকে।

অভিনেতা বললেন, 'আরিয়ান ও সুহানা যখন বড় হচ্ছিল, তখন আমার বন্ধুরা বাড়িতে আসত। করণ (জোহর), আদি (আদিত্য চোপড়া), হৃতিকের (রোশন) মতো অভিনেতারা আসতেন। যখন তারা এই সমস্ত লোককে বাড়িতে দেখত, আমাকে জিজ্ঞাসা করত, বিশ্বের সবাই কি টিভিতে অভিনয় করে? কারণ এদেরকে ওরা টিভিতেই দেখত। এমন একটা পরিবেশে ওরা বড় হয়েছে।'

শাহরুখ আরও যোগ করেন, সেলিব্রিটিরা আরিয়ানের প্রতি ভালোবাসা থেকে এই সিরিজে অভিনয় করতে রাজি হয়েছেন। আমি সেই অভিনেতাদের ধন্যবাদ জানাতে চাই, যারা এই শোতে অভিনয়ের জন্য হ্যাঁ বলেছেন। আমি তাদের কিছুই বলিনি, কিন্তু তারা আরিয়ানের প্রতি ভালোবাসা থেকে এসেছিল। আমি এখন তাদের নাম বলতে পারছি না, কারণ আরিয়ান আমাকে শো সম্পর্কে কিছু বলতে নিষেধ করেছে। ওরা এখন ঠিক করেছে, শুধু আমাকেই দেখাবে। আমাকে দিয়ে টাইটেল ভিডিও শ্যুট করিয়েছে গৌরী ও আরিয়ান। আমি আমার সকল সহকর্মীদের ধন্যবাদ জানাই; তারা দারুণ কাজ করেছে। এপিসোডগুলো দেখার সুযোগ হয়েছিল আমার, সকলেই ভীষণ মজার।

নেটফ্লিক্স এবং রেড চিলিজ এন্টারটেইনমেন্ট গত নভেম্বরে এই সিরিজের ঘোষণা করেছিল। জানা গেছে, ৬ পর্বের এই সিরিজে সালমান খান, শাহরুখ, রণবীর কাপুর, বাদশা ও ববি দেওলের ক্যামিও দেখা যাব। আরিয়ান গত বছরের মে মাসে তার সিরিজের শুটিং শেষ করেছেন।

## শহিদ নাকি অক্ষয়, কে এগিয়ে?

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বলিউড বক্স অফিসে বর্তমানে রাজত্ব করছে দু'টি সিনেমা। তার একটি অক্ষয় কুমার অভিনীত 'স্কাই ফোর্স' আর শহিদ কাপুরের 'দেবা'। দুটি ছবিই অ্যাকশন ঘরানার। এবার তবে কাকে দেখতে হলে বেশি যাচ্ছেন দর্শকরা, শহিদ নাকি অক্ষয়?

'স্কাই ফোর্স' সিনেমায় আছেন অক্ষয় কুমার। বলিউডে একসময় হিট মেশিন হিসেবে ধরা হতো খিলাড়ি খ্যাত এই নায়ককে। কিন্তু করোনা পরবর্তী সময়ে যেন আর আর কিছুতেই



গুছিয়ে বসতে পারছিলেন না এই নায়ক। তবে স্কাই ফোর্স দিয়ে অবশেষে সেই খরা কিছুটা কাটছে।

এদিকে কাঁটায় কাঁটায় টক্কর দিচ্ছে একই সময়ে মুক্তি পাওয়া শহিদ কাপুর অভিনীত ছবি 'দেবা'। এই সিনেমাটিও বেশ ভালোই চলছে প্রেক্ষাগৃহে।

এবার আসা যাক হিসেব-নিকেশে! মাত্র ১০ দিনেই ১০০ কোটির ঘর পার করেছে অক্ষয়ের 'স্কাইফোর্স।' আপাতত এই সিনেমার মোট আয় ১০১.৩৫ কোটি রুপি।

এদিকে শহিদের 'দেবা' সিনেমার সংগ্রহও কোনোরকম হলেও ছুঁতে পারেনি অক্ষয়কে! সোমবার পর্যন্ত গত চার দিনে দেবা-র মোট আয় দাঁড়িয়েছে ২১.৬৫ কোটিতে। শুক্রবার সিনেমা খাতা খুলেছিল ৫.৫ কোটি দিয়ে। এরপর শনিবার রবিবারে ৬.৪ কোটি ও ৭.২৫ কোটি সংগ্রহ করে সিনেমাটি।

## কুরুচিকর প্রস্তাব: প্রিয়াঙ্কার ক্যারিয়ার শুরুর অন্ধকার দিক উন্মোচন



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বলিউড ছেড়ে অনেকদিন, তবু শিরোনামে থাকেন প্রিয়াঙ্কা চোপড়া। স্বামী নিক জোনাস ও হলিউড নিয়েই ব্যস্ত তিনি। তবে গুঞ্জন রয়েছে, দক্ষিণী পরিচালক এস এস রাজামৌলির নতুন ছবিতে দেখা যাবে তাকে।

ক্যারিয়ারের শুরুতে নানা বাধার মুখে পড়তে হয়েছিল প্রিয়াঙ্কাকে। সম্প্রতি এক সাক্ষাৎকারে পুরোনো এক অপ্রীতিকর অভিজ্ঞতা শেয়ার করেন তিনি। বয়স তখন মাত্র ১৯। এক শয্যাদৃশ্যের শুটিং চলছিল, যেখানে তিনি অন্তর্বাস পরে চাদরের নিচে ছিলেন। নিজেকে আড়াল করার চেষ্টা করলেও পরিচালক চিৎকার করে বলেন, "ক্যামেরায় তোমার অন্তর্বাস দেখাও, না হলে কেউ সিনেমা দেখতে আসবে না।"

পরিচালকের এমন কথা শুনে হতবাক হয়েছিলেন প্রিয়াঙ্কা। সঙ্গে সঙ্গেই সেই ছবি ছেড়ে দেন। "ভাবতেও পারিনি কেউ এভাবে বলতে পারে। এত বছর পরেও সেই স্মৃতি একেবারে তাজা," বলেন তিনি।

শোনা গিয়েছিল, ফারহান আখতারের 'জি লে জারা' ছবিতে ফিরবেন প্রিয়াঙ্কা, যেখানে ক্যাটরিনা-আলিয়াও থাকার কথা ছিল। তবে ছবির কাজ বন্ধ হওয়ায়, এবার রাজামৌলির ছবির মাধ্যমেই ভারতীয় সিনেমায় ফিরছেন তিনি।

চ্যাম্পিয়ন্স ট্রফি

# কামিন্সের অনুপস্থিতিতে অজিদের অধিনায়ক হবেন কে?

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**




গোড়ালির চোটে প্যাট কামিন্সের চ্যাম্পিয়ন্স ট্রফির দলে থাকার ব্যাপারটিই অনিশ্চয়তার মধ্যে পড়েছিল। কিন্তু গত ১৩ জানুয়ারি অধিনায়ককে দলে রেখেই দল ঘোষণা করে অস্ট্রেলিয়া। তবে, শেষ পর্যন্ত বোধ হয় খেলা হচ্ছে না অস্ট্রেলিয়া অধিনায়কের। তাই স্টিভেন স্মিথ কিংবা ট্রাভিস হেডকে অধিনায়কত্ব দেওয়ার কথা ভাবছে অজিরা।

গোড়ালির চোট থেকে এখনো সেরে ওঠেননি কামিন্স। তিনি বল করতে পারছেন না বলে জানিয়েছেন কোচ অ্যান্ড্রু ম্যাকডোনাল্ড।

এসইএন ক্রিকেটকে ম্যাকডোনাল্ড বলেন, 'কামিন্স বল করতে পারছে না। অর্থাৎ তার না খেলার সম্ভাবনাই বেশি।'

কামিন্স না খেললে অস্ট্রেলিয়া কার ওপর নেতৃত্বের ভার দেবে? স্টিভ স্মিথ সেই দায়িত্ব অনায়াসেই পালন করতে পারেন, অস্ট্রেলিয়ার ভাবনায় আছে ট্রাভি হেডও।

ম্যাকডোনাল্ড বলেন, তাই (কামিন্স না খেললে) আমাদের নতুন অধিনায়ক ঠিক করতে হবে। দল ঘোষণার সময়ই আমরা স্টিভ স্মিথ ও ট্রাভিস হেডের সঙ্গে কথা বলেছি। ওদের দু'জনের মধ্যে থেকেই কাউকে দেওয়া (অধিনায়কত্ব) হবে।

সম্প্রতি সন্তানের জনক হয়েছেন গোড়ালির চোটে ভুগতে থাকা কামিন্স। সেই কারণে শ্রীলঙ্কায় অস্ট্রেলিয়াকে প্রথম টেস্টে নেতৃত্ব দিয়েছেন স্মিথ। ওই টেস্টে ইনিংস ও ২৪২ রানের বড় ব্যবধানে জিতেছে অজিরা।

ম্যাকডোনাল্ড বলেন, স্টিভ শ্রীলঙ্কায় দারুণভাবে দলকে নেতৃত্ব দিয়েছে। ওয়ানডেতেও তার ভালো কাজ আছে। তাই এই দুজনই (স্মিথ ও হেড) আমাদের পছন্দ।

চোট সমস্যা আছে আরেক পেসার জশ হ্যাজেলউডেরও। তার বিষয়ে কোচ বলেন, কামিন্স খুবই অনিশ্চিত। আমাদের জন্য লজ্জার ব্যাপার যে, হ্যাজেলউডও চোটের সঙ্গে লড়াই করছে। মেডিক্যাল রিপোর্ট কয়েকদিনের মধ্যেই হাতে পাব। এরপর বিস্তারিত জানা যাবে।

পাকিস্তান ও সংযুক্ত আরব আমিরাতে ১৯ ফেব্রুয়ারি শুরু হবে চ্যাম্পিয়ন্স ট্রফি। 'বি' গ্রুপে থাকা অস্ট্রেলিয়ার লড়াই শুরু হবে ২২ ফেব্রুয়ারি, ইংল্যান্ডের বিপক্ষে ম্যাচ দিয়ে। তাদের অপর দুই গ্রুপসঙ্গী আফগানিস্তান ও দক্ষিণ আফ্রিকা।

# রক্ষণে শক্তি আরও কমলো রিয়াল মাদ্রিদের


ডাভিড আলাবা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

মৌসুমের খুব গুরুত্বপূর্ণ সময়ে রক্ষণে শক্তি আরও কমলো রিয়াল মাদ্রিদের। এক বছরের বেশি সময় পর মাঠে ফেরার কিছুদিনের মধ্যে আবার চোট পেয়ে ছিটকে গেলেন ডাভিড আলাবা। অস্ট্রিয়ান ডিফেন্ডার আলাবার বাঁ পায়ের অ্যাবডাক্টরে চোট পাওয়ার কথা জানিয়েছে রিয়াল। কবে নাগাদ তিনি আবার ফিরতে পারবেন সেই বিষয়ে ক্লাবের বিবৃতিতে কিছু জানানো হয়নি। এন্টেরিয়র ক্রুসিয়েট লিগামেন্টের (এসিএল) চোটে ছিটকে পড়ার ১৩ মাস পর গত ১৮ জানুয়ারি লা লিগায় লাস পালমাসের বিপক্ষে ৪-১ গোলে জয়ের ম্যাচে বদলি হিসেবে মাঠে নামেন আলাবা। পরে আরও তিনটি ম্যাচে বদলি হিসেবে খেলেন তিনি, যদিও সবশেষ লিগে এস্পানিওলের বিপক্ষে ম্যাচে তাকে মাঠে নামাননি কোচ কার্লো আনচেলত্তি। এবার আবার মাঠের বাইরে ছিটকে গেলেন অনির্দিষ্ট সময়ের জন্য। তার দল যখন প্রস্তুত হচ্ছে ভীষণ ব্যস্ত ও গুরুত্বপূর্ণ দুই সপ্তাহের জন্য।

কোপা দেল রের কোয়ার্টার-ফাইনালে বুধবার (৫ ফেব্রুয়ারি) দিবাগত রাতে লেগানেসের মাঠে খেলতে যাবে রিয়াল। আগামী শনিবার তারা লা লিগায় মুখোমুখি হবে নগর প্রতিদ্বন্দ্বী আতলেতিকো মাদ্রিদের। এরপর ১০ দিনের মধ্যে আনচেলত্তির দল চ্যাম্পিয়ন্স লিগের শেষ ষোলোর প্লে অফের দুই লেগে খেলবে ম্যানচেস্টার সিটির বিপক্ষে, এর মাঝে ঘরোয়া লিগে ওসাসুনার সঙ্গে।

এমন সময়ে দুইদিন আগে নতুন এক শঙ্কা যোগ হয় রিয়াল শিবিরে। হ্যামস্ট্রিং চোটে ভুগছেন দলটির রক্ষণভাগের ভরসা আন্টোনিও রুডিগার। স্প্যানিশ গণমাধ্যমের খবর, লম্বা সময়ের জন্য ছিটকে যেতে পারেন তিনি।

সবশেষ ম্যাচে রিয়ালের পারফরম্যান্সও হয়েছে ভীষণ হতাশার। লা লিগায় অবনমন অঞ্চলের দল এস্পানিওলের মাঠে ১-০ গোলে হেরে যায় তারা। এরপরও অবশ্য লিগ টেবিলে আপাতত শীর্ষে আছে শিরোপাধারীরা, ২২ ম্যাচে ৪৯ পয়েন্ট নিয়ে। তাদের চেয়ে ১ পয়েন্ট কম নিয়ে দুইয়ে আতলেতিকো মাদ্রিদ।

# ১২১ ম্যাচ কম খেলেই ব্রাভোর রেকর্ড ভাঙলেন রশিদ খান


রশিদ খান

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

স্বীকৃত টি-টোয়েন্টিতে সবচেয়ে বেশি উইকেটের মালিক এতদিন ছিলেন ওয়েস্ট ইন্ডিজের সাবেক অলরাউন্ডার ডোয়াইন ব্রাভো। তবে এবার রেকর্ডটি নিজের করে নিয়েছেন আফগানিস্তানের রশিদ খান।

মঙ্গলবার দক্ষিণ আফ্রিকার টি-টোয়েন্টি লিগে পার্ল রয়্যালসের দুনিত ভেল্লালাগেকে আউট করে ব্রাভোর ৬৩১ উইকেটের রেকর্ডকে ছাড়িয়ে যান এমআই কেপটাউনের অধিনায়ক রশিদ।

২০১৫ সালে টি-টোয়েন্টি অভিষেক হয় রশিদের। এরপর এখন পর্যন্ত এই ফরম্যাটে খেলেছেন ৪৬১ ম্যাচ। আগের রেকর্ডধারী ব্রাভোকে ৬৩১ উইকেট পেতে খেলতে হয়েছে ৫৮২ ম্যাচ। অর্থাৎ ব্রাভোর চেয়ে ১২১ ম্যাচ কম খেলেই তাকে ছাড়িয়ে গেছেন রশিদ।

পরে দীনেশ কার্তিককে আউট করেছে নিজের উইকেটসংখ্যা ৬৩৩-এ নিয়ে গেছেন আফগান লেগ স্পিনার। ম্যাচটি জিতে আসরের ফাইনালেও উঠে গেছে তার দল।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR